



পল্লী সঞ্চয় ব্যাংক

(সমৃদ্ধি অর্জনের ব্যাংক)

প্রধান কার্যালয়

রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল-৮-১০)

৩৭/৩/এ, ইন্সটান গার্ডেন রোড, ঢাকা-১০০০

www.pallisanachaybank.gov.bd

"শেখ হাসিনাই বুপকার
পল্লী সঞ্চয় ব্যাংক উপহার"

ঋণ ও সঞ্চয় বিভাগ

স্মারক নং-পসব্য/প্রকা/পরি-২৯(১)/২০২৩-২৪/৭২৭

তারিখঃ ১০/০৯/২০২৩

সকল জেলা (আঞ্চলিক) কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা
সকল শাখা ব্যবস্থাপক
পল্লী সঞ্চয় ব্যাংক।

বিষয়ঃ মৃত্যু ঋঁকি আচ্ছাদন ঋঁমের আওতায় প্রাপ্ত আবেদনের ত্রুটি- বিচ্যুতি ।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা হলো।

মৃত্যু ঋঁকি আচ্ছাদন ঋঁমের আওতায় শাখা পর্যায় হতে প্রাপ্ত আবেদন সমূহে নিম্নলিখিত ত্রুটি-বিচ্যুতি পরিলক্ষিত হচ্ছেঃ

ত্রুটি-বিচ্যুতি / ঘাটতি তথ্যের বিবরণঃ

১. মৃত ব্যক্তির ঋণ সমন্বয়ের এবং ঋণ অনুদান মঞ্জুরীর আবেদন (প্রযোজ্য ক্ষেত্রে) সঠিকভাবে পূরণ করা হয় না;
২. আবেদনে আবেদনকারীর স্বাক্ষর ভেরিফাই করা হয় না ও টিপসহি নিং,বং করা থাকে না;
৩. আবেদনে সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণের স্বাক্ষর থাকলেও সীল থাকে না;
৪. ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন প্রদত্ত মৃত ব্যক্তির মৃত্যু সনদ শাখা ব্যবস্থাপক কর্তৃক সত্যায়িত করে প্রেরণ করা হয় না;
৫. ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন প্রদত্ত মৃত ব্যক্তির ওয়ারিশ সনদ থাকে না;
৬. ঋণ সমন্বয়ের আবেদনে ঋণ হিসাব নং উল্লেখ করা হয় না;
৭. ঋণ হিসাবে আরোপিত সার্ভিস চার্জ (মৃত্যুর পূর্ব দিন পর্যন্ত) এর কম্পিউটার হিসাব শীট আবেদন পত্রের সাথে সংযুক্ত করা হয় না;
৮. আবেদনে ঋণ হিসাবের স্থিতি সঠিকভাবে উল্লেখ করা হয় না ও কম্পিউটার হিসাব শীট সংযুক্ত করা হয় না;
৯. ঋণের মেয়াদের মধ্যে কিস্তি খেলাপ হলে তার যৌক্তিক কারণ উল্লেখ করার কথা থাকলেও তা উল্লেখ করা হয় না;
১০. সমিতির রেজল্যুশন (মৃত ঋণ গ্রহীতার বিবরণী সংবলিত) থাকে না অথবা সমিতির সভাপতি /ম্যানেজার কর্তৃক স্বাক্ষরিত থাকে না;
১১. মেয়াদ উত্তীর্ণ ঋণের ক্ষেত্রেও আবেদন প্রেরণ করা হয়;
১২. সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের সুপারিশ ছাড়া আবেদনপত্র সরাসরি প্রধান কার্যালয়ে প্রেরণ করা হয়।

ত্রুটি-বিচ্যুতি / ঘাটতি দূরীকরণে করণীয়ঃ


১. যথাযথ ভাবে পূরণকৃত আবেদনপত্র প্রেরণ করতে হবে;
২. আবেদনে আবেদনকারীর স্বাক্ষর ভেরিফাই ও টিপসহি দিলে তার নিং,বং করতে হবে;
৩. আবেদনে সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত সকল কর্মকর্তার স্বাক্ষর ও সীল থাকতে হবে;
৪. মৃত ব্যক্তির মৃত্যু সনদ গ্রহণের ক্ষেত্রে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন এর ডিজিটাল সনদকে অগ্রাধিকার দিতে হবে ও শাখা ব্যবস্থাপক কর্তৃক সত্যায়িত করে প্রেরণ করতে হবে;
৫. ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন প্রদত্ত ওয়ারিশ সনদ থাকতে হবে এবং শাখা ব্যবস্থাপক কর্তৃক সত্যায়িত করে প্রেরণ করতে হবে;
৬. ঋণ সমন্বয়ের আবেদনে ঋণ হিসাব নং উল্লেখ করতে হবে;
৭. ঋণ হিসাবে আরোপিত সার্ভিস চার্জ (মৃত্যুর পূর্ব দিন পর্যন্ত) সঠিকভাবে গণনা করে কম্পিউটার হিসাব শীট আবেদনের সাথে সংযুক্ত করতে হবে;



৮. আবেদনে ঋণ হিসাবের স্থিতি সঠিকভাবে উল্লেখ করতে হবে ও কম্পিউটার হিসাব শীট সংযুক্ত করতে হবে;
৯. ঋণের মেয়াদের মধ্যে কিস্তি খেলাপ হলে তার যৌক্তিক কারণ উল্লেখ করতে হবে;
১০. সমিতির রেজল্যুশন শীট সমিতির সভাপতি/ম্যানেজার কর্তৃক স্বাক্ষরিত ও শাখা ব্যবস্থাপক কর্তৃক সত্যায়িত থাকতে হবে;
১১. নীতিমালা মোতাবেক মেয়াদ উত্তীর্ণ ঋণের আবেদন প্রেরণের সুযোগ নেই;
১২. সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের সুপারিশ সহ আবেদনপত্র প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে।

জেলার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা সকল তথ্যাদি যাচাই পূর্বক নিজ কার্যালয়ের সুপারিশ সহ আবেদনপত্র প্রধান কার্যালয়ে প্রেরণ করবেন। কোন অবস্থাতেই অসম্পূর্ণ ও ভুল তথ্য সংবলিত আবেদন প্রধান কার্যালয়ে প্রেরণ করা যাবে না।

আবেদনক্রমে,


(মোঃ আলা উদ্দিন)
মহাব্যবস্থাপক (চলতি দায়িত্ব)

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- স্টাফ অফিসার টু ব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- স্টাফ অফিসার টু উপ-ব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- স্টাফ অফিসার টু মহাব্যবস্থাপক (সকল), পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- সকল বিভাগীয় প্রধান, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- প্রোগ্রামার, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা (ব্যাংকের ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- সকল আঞ্চলিক (নিরীক্ষা) কর্মকর্তা, আঞ্চলিক (নিরীক্ষা) কার্যালয়, পল্লী সঞ্চয় ব্যাংক।
- অফিস নথি।